বাংলা বিভাগ, শৈলজানন্দ ফাল্গুনী স্মৃতি মহাবিদ্যালয়, বীরভূম

**Study Material** for **6th Semester (General)**

***Prepared by***
***Dr. Ajoy Saha***
***Astt. Prof. of Bengali***

## DSE – 1B, বিষয় : উনিশ শতকের বাংলা নাটক

**০২ নম্বরের সংক্ষিপ্ত প্রশ্নোত্তর** :

১। বাংলাদেশে প্রথম রঙ্গমঞ্চ প্রতিষ্ঠিত হয় কখন ?

**উত্তর :** বাংলাদেশে প্রথম রঙ্গমঞ্চ **১৭৫৩** খ্রিস্টাব্দে ইংরেজরা কলকাতায় লালবাজারের কাছে 'প্লে হাউস' গড়ে তোলেন ইংরেজি নাটক অভিনয়ের জন্য।

২। 'ক্যালকাটা থিয়েটার' কত সালে প্রতিষ্ঠিত হয় ?

**উত্তর :** ইংরেজরা কলকাতায় **১৭৭৬** খ্রিস্টাব্দে 'ক্যালকাটা থিয়েটার' প্রতিষ্ঠা করেন।

৩। সর্বপ্রথম বাংলা নাট্যশালা কে স্থাপন করেছিলেন ? সেখানে কোন নাটকটি অভিনীত হয়েছিল?

**উত্তর :** বাংলাদেশে সর্বপ্রথম বাংলা নাট্যশালা স্থাপন করেছিলেন রুশদেশীয় হেরাসিম লেবেডেফ **১৭৯৫** খ্রিস্টাব্দে কলকাতার চিনাবাজারে.

গোলোকনাথ দাসের দ্বারা অনূদিত 'The Disguise' এবং 'Love is the Best Doctor' নাটক দুটি হেরাসিম মঞ্চস্থ করেছিলেন।

৪। বাঙালি প্রতিষ্ঠিত প্রথম নাট্যশালা কোনটি ? কত সালে তা স্থাপিত হয় ?

**উত্তর :** বাঙালি প্রতিষ্ঠিত প্রথম নাট্যশালা হল 'হিন্দু থিয়েটার'.

প্রসন্নকুমার ঠাকুর তাঁর নারকেলডাঙার বাড়িতে **১৮৩১** খ্রিস্টাব্দে এই 'হিন্দু থিয়েটার' প্রতিষ্ঠা করেন।

৫। বাঙালির তত্ত্বাবধানে প্রথম অভিনীত বাংলা নাটক কোনটি ? কত সালে, কোথায় তা অভিনীত হয় ?

**উত্তর :** বাঙালির তত্ত্বাবধানে প্রথম অভিনীত বাংলা নাটক হল 'বিদ্যাসুন্দর'। **১৮৩৫** সালে শ্যামবাজারে নবীনচন্দ্র বসুর 'শৌখিন রঙ্গমঞ্চ'-এ তা অভিনীত হয়।

৬। 'বিদ্যোৎসাহিনী রঙ্গমঞ্চে'র প্রতিষ্ঠাতা কে ?

**উত্তর :** 'বিদ্যোৎসাহিনী রঙ্গমঞ্চ' **(১৮৫৭)**-এর প্রতিষ্ঠাতা হলেন কালীপ্রসন্ন সিংহ।

৭। জোড়াসাঁকো নাট্যশালার প্রতিষ্ঠাতা কে ?

**উত্তর :** ঠাকুরবাড়ির **'**জোড়াসাঁকো নাট্যশালা'র প্রতিষ্ঠাতা হলেন জ্যোতিরিন্দ্রনাথ ঠাকুর।

৮। বাংলাদেশের সাধারণ রঙ্গমঞ্চ বা ন্যাশন্যাল থিয়েটার কত সালে প্রতিষ্ঠিত হয় ? এর দু'জন উদ্যোক্তার নাম লেখো।

**উত্তর** : কলকাতায় সাধারণ রঙ্গমঞ্চ বা ন্যাশন্যাল থিয়েটার **১৮৭২** খ্রিস্টাব্দের **৭ই** ডিসেম্বর প্রতিষ্ঠিত হয়। এর দু'জন অন্যতম উদ্যোক্তা হলেন গিরিশচন্দ্র ঘোষ, নগেন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায়, অর্ধেন্দুশেখর মুস্তাফি।

৯। 'রঙ্গালয়ের স্রষ্টা 'কাকে বলা হয় এবং কে প্রথম বলেছিলেন?

**উত্তর :** দীনবন্ধু মিত্রকে  'রঙ্গালয়ের স্রষ্টা'বলা হয়। এটি বলেছিলেন গিরিশচন্দ্র ঘোষ।

১০। দীনবন্ধুকে ? কে বলেছিলেন এবং কেন 'রঙ্গালয়ের স্রষ্টা'

**উত্তর :** দীনবন্ধুকে বলেছিলেন গিরিশচন্দ্র ঘোষ। বাংলাদেশের সাধারণ রঙ্গমঞ্চ বা 'রঙ্গালয়ের স্রষ্টা' ন্যাশন্যাল থিয়েটারের দ্বারোদঘাটন হয় **১৮৭২** খ্রিস্টাব্দের **৭ই** ডিসেম্বর নাটকের 'নীলদর্পণ' অভিনয়ের মধ্য দিয়ে এবং তা ব্যাপক জনপ্রিয় হয়েছিল। বাংলাদেশবাংলা রঙ্গমঞ্চ এবং , বাংলা নাট্যসহিত্যকে নাটকটি বিপুল প্রভাবিত করেছিল বলে দীনবন্ধুক 'নীলদর্পণ'ে বলেছেন। 'রঙ্গালয়ের স্রষ্টা'

**১১।** প্রাক্-রঙ্গমঞ্চ যুগের দুজন শ্রেষ্ঠ নাট্যকারের নাম লেখ।

**উত্তর :** প্রাক্-রঙ্গমঞ্চ যুগের দুজন শ্রেষ্ঠ নাট্যকার হলেন মধুসূদন দত্ত এবং দীনবন্ধু মিত্র।

**১২।** উনিশ শতকের রঙ্গমঞ্চ-উত্তর যুগের শ্রেষ্ঠ নাট্যকার কে ?

**উত্তর :** উনিশ শতকের রঙ্গমঞ্চ-উত্তর যুগের শ্রেষ্ঠ নাট্যকার হলেন গিরিশচন্দ্র ঘোষ।

**১৩।** প্রহসন' কাকে বলে ? বাংলা নাট্য সাহিত্যের প্রথম সার্থক প্রহসন রচয়িতা কে ?

**উত্তর :** সামাজিক দুর্নীতি-কপটতা-অনাচারকে ব্যঙ্গবিদ্রুপ করে স্থূল হাস্যরসাত্মক সংক্ষিপ্ত নাটককে প্রহসন বা ফার্স বলে।

বাংলা নাট্য সাহিত্যের প্রথম সার্থক প্রহসন রচয়িতা হলেন মধুসূদন দত্ত।

**১৪।** হরচন্দ্র ঘোষ শেক্সপীয়রের কোন কোন নাটক বাংলায় অনুবাদ করেছিলেন ?

**উত্তর** : হরচন্দ্র ঘোষ শেক্সপীয়রের 'মার্চেন্ট অফ ভেনিস' নাটকের অনুবাদ করেন 'ভানুমতী চিত্তবিলাস' **(১৮৫২)** এবং 'রোমিও জুলিয়েট' নাটকের বাংলায় অনুবাদ করেন 'চারুমুখ-চিত্তহরা' **(১৮৬৪)** নামে।

**১৫।** কালীপ্রসন্ন সিংহ যে দুটি সংস্কৃত নাটকের বাংলায় অনুবাদ করেন সে দুটির নাম কী কী ?

**উত্তর** : কালীপ্রসন্ন সিংহ যে দুটি সংস্কৃত নাটকের বাংলায় অনুবাদ করেন তা হল ‘বিক্রমোর্বশী’ এবং ‘মালতী মাধব’**।**

**১৬।** বাংলার প্রথম মৌলিক নাটকরূপে কোন নাটকে চিহ্নিত করা হয় ?

**উত্তর** : বাংলার প্রথম মৌলিক নাটকরূপে **১৮৫২** সালে রচিত তারাচরণ শিকদারের ‘ভদ্রার্জুন’ এবং যোগেশচন্দ্র গুপ্তের ‘কীর্তিবিলাস’ নাটক দুটিকে চিহ্নিত করা হয়।

**১৭।** রামনারায়ণ তর্করত্ন যে তিনখানি প্রহসন লিখেছিলেন সেগুলির নাম লেখ।

**উত্তর** : রামনারায়ণ তর্করত্ন ‘যেমন কর্ম তেমনি ফল’, ‘উভয় সঙ্কট’ এবং ‘চক্ষুদান’ নামে তিনটি প্রহসন রচনা করেন।

**১৮।** রামনারায়ণ তর্করত্নের প্রথম নাটকের নাম কী ? এটি কোন শ্রেণির নাটক ?

**উত্তর** : রামনারায়ণ তর্করত্নের প্রথম নাটকের নাম ‘কুলীনকুলসর্বস্ব’ **(**১৮৫৪**)**। এটি একটি সামাজিক নাটক।

**১৯।** রামনারায়ণ তর্করত্নের দুটি পৌরাণিক নাটকের নাম লেখ।

**উত্তর** : রামনারায়ণ তর্করত্নের পৌরাণিক নাটক দুটি হল ‘রুক্মিণী হরণ’ এবং কংসবধ’।

**২০।** রামনারায়ণ তর্করত্ন সংস্কৃত থেকে যে নাটকগুলি অনুবাদ করেছিলেন সেগুলির নাম লেখ।

**উত্তর** : রামনারায়ণ তর্করত্ন সংস্কৃত থেকে চারটি নাটকের বাংলা অনুবাদ করেছিলেন, সেগুলি হল **–** ‘বেণীসংহার’, ‘রত্নাবলী’ **(**১৮৫৮**)**, ‘অভিজ্ঞান শকুন্তল’ **(**১৮৬০**)** এবং ‘মালতী মাধব’।

**২১।** মধুসূদনের প্রথম বাংলা নাটক কোনটি ? তা কত সালে প্রকাশিত হয় ?

**উত্তর** : মধুসূদনের প্রথম বাংলা নাটকের নাম ‘শর্মিষ্ঠা’। নাটকটি **১৮৫৯** সালে প্রকাশিত হয়।

**২২।** মধুসূদনের পৌরাণিক নাটক দুটির নাম লেখো।

**উত্তর** : মধুসূদনের পৌরাণিক নাটক দুটি হল ‘শর্মিষ্ঠা’ **(**১৮৫৯**)** এবং ‘পদ্মাবতী’ **(**১৮৬০**)**।

**২৩।** ‘শর্মিষ্ঠা’ নাটকের কাহিনিটি কোথা থেকে নেওয়া ?

**উত্তর** : ‘শর্মিষ্ঠা’ নাটকের কাহিনিটি মধুসূদন মহাভারতের যযাতি উপাখ্যান থেকে নেওয়া।

**২৪।** ‘কৃষ্ণকুমারী’ নাটকটি বাংলা নাট্যসাহিত্যে উল্লেখযোগ্য কেন ?

**উত্তর** : মধুসূদনের ‘কৃষ্ণকুমারী’ **(**১৮৬২**)** বাংলা নাট্যসাহিত্যের প্রথম ঐতিহাসিক নাটক এবং প্রথম সার্থক ট্রাজেডি নাটক। নাটকটি মধুসূদন তথা বাংলা নাট্যসাহিত্যের আদি-পর্বের শ্রেষ্ঠ নাটক।

২৫। কোন গ্রন্থ থেকে মধুসূদন 'কৃষ্ণকুমারী' নাটকের কাহিনি সংগ্রহ করেছিলেন ?

**উত্তর** : কর্নেল টডের 'রাজস্থান' ('Annalis and Antiquities of Rajasthan', 1832) গ্রন্থ থেকে মধুসূদন 'কৃষ্ণকুমারী' নাটকের কাহিনি সংগ্রহ করেছিলেন।

২৬। মধুসূদন ক'টি প্রহসন লিখেছিলেন ? প্রকাশকালসহ সেগুলির নাম লেখ।

**উত্তর** : মধুসূদন মোট দু'টি প্রহসন লিখেছিলেন। প্রহসন নাটক দুটির নাম – 'একেই কি বলে সভ্যতা ?' এবং 'বুড়ো শালিখের ঘাড়ে রোঁ'। দু'টি প্রহসনই **১৮৬০** সালে প্রকাশিত হয়।

২৭। প্রহসন দুটি মধুসূদন কাদের ব্যঙ্গ করে লিখেছিলেন ?

**উত্তর** : 'একেই কি বলে সভ্যতা ?' প্রহসনে মধুসূদন ইয়ং বেঙ্গল গোষ্ঠীর উচ্ছৃঙ্খলতাকে ব্যঙ্গ করেছেন। আর 'বুড়ো শালিখের ঘাড়ে রোঁ' প্রহসনে ভণ্ড, দুষ্কৃতিকারী, অত্যাচারী প্রাচীন সমাজকে উপহাস বা ব্যঙ্গ করেছেন।

২৮। মধুসূদন মোট ক'টি নাটক ইংরেজিতে অনুবাদ করেছিলেন ?

**উত্তর** : মধুসূদন মোট তিনখানি নাটক ইংরেজিতে অনুবাদ করেছিলেন **–** রামনারায়ণ তর্করত্নের 'রত্নাবলী', নিজের লেখা 'শর্মিষ্ঠা' এবং দীনবন্ধুর 'নীলদর্পণ'।

***(ক্রমশ)***

*******************

***Prepared by Dr. Ajoy Saha, Astt. Prof. of Bengali, S.F.S Mahavidyalaya***